

জনাব মোহাম্মদ সফিউল আলম চৌধুরী ১৯৫৯ সালে চট্টগ্রাম জেলায় জন্মগ্রহণ করেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে রসায়নে সম্মানসহ স্নাতোকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৮৬ সালে বি.সি.এস (বন) ক্যাডারে সহকারী বন সংরক্ষক পদে যোগদান করেন। চাকুরীতে যোগদান করে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে বনবিদ্যা বিষয়ে স্নাতোকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি অস্ট্রেলিয়ার মেলবোর্ন বিশ্ববিদ্যালয় থেকে ২০০১ সালে ফরেস্ট ম্যানেজমেন্ট প্ল্যানিং বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা করেন। বন একাডেমী, চট্টগ্রাম থেকে তিনি তাঁর চাকুরী জীবন শুরু করেন। তিনি ১৯৮৬ইং হতে ১৯৯৫ইং পর্যন্ত সহকারী বন সংরক্ষক হিসাবে, ১৯৯৫ইং হতে ২০০৯ইং পর্যন্ত বিভাগীয় বন কর্মকর্তা হিসাবে, ২০০৯ইং হতে ২০১৫ইং পর্যন্ত বন সংরক্ষক হিসাবে এবং ২০১৬ইং হতে উপ প্রধান বন সংরক্ষক হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি ভারত, শ্রিলংকা, নেপাল, চীন, থাইল্যান্ড, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ভিয়েতনাম, জাপান, জার্মানি প্রভৃতি দেশে বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলনে যোগদান করে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। জনাব মোহাম্মদ সফিউল আলম চৌধুরী ২৫ জানুয়ারী ২০১৭ ইং হতে বন অধিদপ্তরের প্রধান বন সংরক্ষক হিসাবে দায়িত্ব পালন করছেন। বর্তমানে তিনি বন অধিদপ্তরের সকল উন্নয়নমূলক কার্যক্রমকে সাফল্যের সাথে এগিয়ে নিয়ে যাচ্ছেন।